

স্মারক নং-০৫.২০.২২০০.১২৩.০১৪.১১.২০২২-৯২৬

২৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
তারিখঃ -----
১৩ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

-ঃ বিজ্ঞপ্তি :-

এতদ্বারা কক্সবাজার জেলাধীন সকল উপজেলার বৈধ আশ্রয়িত লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের জন্য আশ্রয়িত লাইসেন্স নবায়নের কাজ নিম্নের তফসিল অনুযায়ী সম্পন্ন করা হবে। লাইসেন্সধারীগণকে তাদের লাইসেন্স নবায়নের জন্য সরকার নির্ধারিত নবায়ন ফি এবং ১৫% ভ্যাট নিম্নবর্ণিত কোডে চালানোর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদান পূর্বক চালানোর মূল কপি, লাইসেন্স, অস্ত্র ও গোলাবারুদসহ (অস্ত্র থানায় জমা থাকলে হালনাগাদ জমার রশিদ) লাইসেন্সধারীর বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সহ নির্ধারিত তারিখ ও স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	উপজেলার নাম	নবায়নের তারিখ	নবায়নের স্থান	নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী
১	রামু	০১/১২/২০২২	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
২	পেকুয়া	০৪/১২/২০২২	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৩	কক্সবাজার সদর ও ঈদগাঁও	০৮/১২/২০২২ ও ১২/১২/২০২২	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৪	মহেশখালী	১৩/১২/২০২২	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৫	টেকনাফ	১৪/১২/২০২২	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৬	চকরিয়া	১৫/১২/২০২২	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৭	উখিয়া	১৮/১২/২০২২	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৮	কুতুবদিয়া	১৯/১২/২০২২	জে.এম. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার	সহকারী কমিশনার, জে.এম শাখা জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার

নবায়ন ফি ও ১৫% ভ্যাট জমা প্রদানের কোড:

নবায়ন ফি : (ক) ব্যক্তি পর্যায়ে বন্দুক/শটগান/রাইফেল-৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, (খ) ব্যক্তি পর্যায়ে পিস্তল/রিভলবার-১০,০০০/- (দশ হাজার) টাকা, (গ) আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে-লং ব্যারেল-৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, (ঘ) প্রতিষ্ঠান পর্যায়ে- লং ব্যারেল-১০,০০০/- (দশ হাজার) টাকা, (ঙ) ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান-৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, (চ) সেফকপিং-৩,০০০/- (তিন হাজার) টাকা।

কোড নং-


১	২	২	১	১	০	০	০	০	১	৮	৫	৯
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

১৫% ভ্যাট : (ক) বন্দুক/শটগান/রাইফেল-৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, (খ) পিস্তল/রিভলবার-১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, (গ) আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে-লং ব্যারেল-৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, (ঘ) প্রতিষ্ঠান পর্যায়ে- লং ব্যারেল-১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, (ঙ) ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান-৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, (চ) সেফকপিং-৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।

কোড নং-

১	১	১	৩	৩	০	০	২	৫	০	৩	১	১
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

বিঃদ্রঃ- সনদপ্রাপ্ত (সরকারী গেজেটে বিজ্ঞপ্তি) মুক্তিযোদ্ধা ও জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরীর ও অবসর প্রাপ্ত সরকারী ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের ক্ষেত্রে পিস্তল/রিভলবার/শটগান/রাইফেল/ বন্দুক লাইসেন্স-এর নবায়ন ফি প্রযোজ্য হবে না।


মো: মামুনুর রশীদ
জেলা ম্যাজিস্ট্রেট
কক্সবাজার

ফোন নং-০২৩৩৪৪৬২২০০

স্মারক নং-০৫.২০.২২০০.১২৩.০১৪.১১.২০২২-৯২৬


২৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ :-
১৩ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে:

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,.....(সকল)
- ০৪। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, কক্সবাজার
- ০৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান,.....(সকল), কক্সবাজার
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল) কক্সবাজার। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
- ০৭। নেজারত ডেপুটি কালেক্টর, কক্সবাজার
- ০৮। সহকারী কমিশনার, জে.এম. শাখা
- ০৯। জেলা তথ্য অফিসার, কক্সবাজার। জেলা/উপজেলা পর্যায়ে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
- ১০। অফিসার ইনচার্জ,.....(সকল) থানা, কক্সবাজার
- ১১। সম্পাদক, দৈনিক কক্সবাজার। বিজ্ঞপ্তিটি দৈনিক কক্সবাজার পত্রিকায় একদিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হলো
- ১২। নোটিশ বোর্ড/অফিস কপি


জেলা ম্যাজিস্ট্রেট
কক্সবাজার